দৈনিক সংবাদ

তারিখ 18 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

47

80

# অস্ট্রেলিয়ায় ২ জন বাংলাদেশী ছাত্রের কারাদণ্ড

পার্থ (অস্ট্রেলিয়া), ১৭ই মে (এএফপি)।—অবৈধভাবে অস্ট্রেলিয়ায় দ্বিতীয়বার প্রবেশের চেষ্টার দায়ে দু'জন তরুণ বাংলাদেশী ছাত্রকে চরম মূল্য দিতে হয়েছে।

ঢাকা থেকে আগত মাহবুবুর

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ২ জন ছাত্রের কারাদণ্ড

(১ম পাতার পর)

রহমান (২৫) এবং খোন্দকার লিটু (২৬)-কে এখানে তিনমাসের কারাদণ্ড দেয়া হয়।

ইতিপূর্বে একবার স্বদেশে ফেরত পাঠানো সত্ত্বেও বিনা অনুমতিতে দ্বিতীয়বার অস্ট্রেলিয়ায় প্রবেশের দায়ে পার্থ ম্যাজিস্ট্রেটের আদালতে উক্ত দু'জন দোষী সাব্যস্ত হয়।

আদালতে বলা হয়, গত মাসে পশ্চিম অস্ট্রেলিয়ার উত্তর পশ্চিম উপকূলীয় কুলান দ্বীপে অবতরণের সাথে সাথে অন্য ন'জন বাংলাদেশীসহ এই দু'জনকে আটক করা হয়।

আদালত জানায়, এই গ্রুপটির উদ্দেশ্য ছিল কোন বড় অস্ট্রেলিয়া শহরে গিয়ে স্থানীয় অধিবাসীদের সাথে মিশে যাওয়া।

সরকারী কৌসুলি স্টেফান হল জানান, গত অক্টোবর মাসে রহমান ও লিটু ১৪ জনের অবৈধ প্রবেশকারী একটি দলের সাথে অস্ট্রেলিয়ায় ঢোকার চেষ্টা করলে পশ্চিম অস্ট্রেলিয়া সংলগ্ন কোকাটু দ্বীপের কাছে একটি ইন্দোনেশীয় মাছ ধরা নৌকা থেকে গ্রেপ্তার হয়। ফেব্রুয়ারী মাসে এদের সবাইকে স্বদেশ পাঠিয়ে দেয়া হয়।

দ্বিতীয় প্রচেষ্টায় ঢাকা থেকে বিমান যোগে ইন্দোনেশিয়ার কুপাং দ্বীপে এসে রহমান ও লিটু সমুদ্রপথে পশ্চিম অস্ট্রেলিয়ায় ঢোকার জন্যে অন্য ৯ জন অবৈধ অনুপ্রবেশকারীর সাথে একটি নৌকায় আরোহণ করে।

কুলান দ্বীপে এই গ্রুপের সবাইকে নামিয়ে দিয়ে নৌকাটি উধাও হয়ে যায় বলে কৌসুলি উল্লেখ করেন।

তিনি জানান, রহমান ও লিটু অস্ট্রেলীয় অভিবাসন আইন চরমভাবে লংঘন করেছে।